

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের নতুন কমিটি ঘোষণা

সভাপতি আলমগীর, সম্পাদক সূজন

■ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) ছাত্রলীগের কমিটি ঘোষণা করেছে ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটি। সোমবার দুপুরে ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি এইচএম বদিউজ্জামান সোহাগ ও সাধারণ সম্পাদক সিদ্দিকী নাজমুল আলম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

আগামী ২৫ ও ২৬ জুলাই অনুষ্ঠিতব্য ছাত্রলীগের কেন্দ্রীয় কাউন্সিলকে সামনে রেখে এক বছরের জন্য ঘোষিত চবি ছাত্রলীগের এই কমিটির সভাপতি হিসেবে চবি ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক আলমগীর টিপু এবং সাধারণ সম্পাদক হিসেবে সাবেক কার্যনির্বাহী সদস্য ফজলে রাব্বি সূজনের নাম ঘোষণা করা হয়। চবি ছাত্রলীগের বিলুপ্ত কমিটির সাংগঠনিক সম্পাদক এসএম আরিফুর রহমানকে কেন্দ্রীয় কমিটির সহ-সম্পাদক, এএম শাহাদাৎ হোসেন জুয়েল ও যুগ্ম সাধারণ সম্পাদক দিয়াজ ইরফান চৌধুরীকে কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য করা হয়েছে বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

ছাত্রলীগের নবনির্বাচিত সভাপতি আলমগীর টিপু বলেন, বঙ্গবন্ধু কন্যার হাতকে শক্তিশালী করতে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আমার চেষ্ঠা অব্যাহত থাকবে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রলীগকে সামনে এগিয়ে নিতে শিবির বিরোধী আন্দোলনে সকলকে নিয়ে একসাথে কাজ করবো।